

CLASS X
BENGALI
SET 2
ANSWER KEY

1.A. “ কী হলো, ছুটছেন কেন —” —এই প্রশ্নের উত্তরে গল্পকথক কী জানতে পারেন ? (2)

উঃ- গল্পকথকের এই প্রশ্নের উত্তরে আলোবাবু জানিয়েছিলেন যে, রামবাবুর গাই-এর বাচ্চা হয়েছে শুনে তিনি দেখতে গিয়েছিলেন। এমন সময় বৈঠকখানার ঘড়িতে দশটার ঘন্টা বাজার শব্দে আলবাবুর মনে পড়ে তাঁর ঘড়িতে দম দেওয়া হয়নি। তিনি রোজ একই সময় ঘড়িতে দম দিতেন। কারণ তাঁর মনে হয় আমাদের যেমন খাবার, ঘড়ির তেমনি দম। ঘড়ি বেচারার খেতে দেরি হয়ে যাওয়ায় তিনি ব্যাকুল হয়ে ছুটছিলেন।

1.B. ‘ ওর মা সাবধান করে দিয়েছিলেন,’—কার মা, কী বলে সাবধান করেছিলেন ? (2)

উঃ- হোলির দিন বাড়ি থেকে বেরোবার সময় অমৃতের মা তাকে সাবধান করে বলেছিলেন, বন্ধু ইসাবের মত একই রকম নতুন জামা পাবার জন্য সে অনেক কাণ্ড করেছে। বহু কষ্টে কেনা, এই জামা যদি সে ময়লা করে বা ছিঁড়ে ফেলে তাহলে অমৃতের কপালে দুঃখ আছে। দলের ছেলেরা যখন তাকে লড়াই করতে বলে তখন মায়ের কথা তার মনে পড়েছিল।

2.A. ‘এমন সময় ঘটল সেই ঘটনা !’— ঘটনাটি কীভাবে কিশোর তপনকে স্বপ্ন জগৎ থেকে বাস্তবের রূঢ় ভূমিতে এনে ফেলেছিল ? (3)

উঃ- তপনের ছোট মাসি ও মেসো যেদিন ‘সন্ধ্যাতারা’ পত্রিকার একটি সংখ্যা নিয়ে তাদের বাড়িতে আসেন সেদিন তপনের বুকের রক্ত ছলকে উঠেছিল আশা পূরণের আনন্দে। পত্রিকায় তপনের গল্প ‘প্রথম দিন’ প্রকাশিত হওয়ায় সারা বাড়িতে শোরগোল পড়ে যায়। কিশোর তপনের মন আনন্দে নেচে ওঠে, সে ভাবতে থাকে আজ বুঝি তার জীবনের সবচেয়ে সুখের দিন — কোনো অলৌকিক ঘটনা ঘটেছে। কল্পনার ডানা মেলে উড়তে থাকে সে —ভাবে তার ছাপার অক্ষরের লেখা গল্প হাজার হাজার ছেলের হাতে ঘুরবে। ক্রমশ মেসোমশাইয়ের কৃতিত্বকেই বাড়ির সকলে প্রাধান্য দিতে থাকেন। শেষে যখন মায়ের অনুরোধে গল্পটি পড়তে শুরু করে তখন সে তার কল্পনার জগৎ থেকে এক ভয়ানক রূঢ় বাস্তব জগতে এসে পড়ে। সে বুঝতে পারে গল্পটির মধ্যে তার নিজের কোনো অস্তিত্ব নেই। ছোট মেসো নিজের মাহাত্ম্যকেই প্রকাশ করেছেন, গল্পটি আগাগোড়া সংশোধন করে। তার স্বাধীন শিল্পীসত্তা ব্যথাপ্রাপ্ত হয়। তার কল্পনার স্বপ্নের জগৎ ভেঙে যায়।

2.B. ‘চমকে উঠলেন জগদীশবাবু !’— জগদীশবাবুর চমকে ওঠার কারণ কী ছিল ? (3)

উঃ- এক চমৎকার সন্ধ্যাবেলায় জগদীশবাবুর বাড়িতে গল্পকথক ও তার বন্ধুরা তাদের স্পোর্টের চাঁদার খাতাটি জগদীশবাবুর হাতে তুলে দিয়ে দাঁড়িয়েছিল। সেদিন ফুরফুর করে বাতাস বইছিল, চাঁদের ম্লিন্ধ আলো চারিদিকে ছড়িয়ে পড়ায় এক অপূর্ব পরিবেশ সৃষ্টি হয়েছিল। জগদীশবাবুর বাড়ির বারান্দাতে জ্বলছিল একটা মস্ত বড় আলো। সেই সময় জগদীশ বাবুর বাড়িতে প্রবেশ করেন এক সন্ন্যাসী, যাঁর হাতে কমণ্ডলু নেই, চিমটে নেই, মৃগচর্মের আসন বা গৈরিক সাজও নেই। আদুড় তাঁর গা, তার উপর ধবধবে সাদা একটি উত্তরীয় এবং পরনে ছোটবহরের একটি সাদা থানা। মাথার শুকনো সাদা চুল উড়ছে ফুরফুর করে, খুলো মাথা পা, হাতে একটি ঝোলা

যার ভিতরে রয়েছে শুধু একটি বই গীতা। আগন্তুক মানুষটির চোখ দিয়ে ঝরে পড়ছিল অদ্ভুত উদাত্ত, শান্ত, উজ্জ্বল দৃষ্টি। আগন্তুক মানুষটির পোশাক-আশাক এবং চোখের অদ্ভুত দৃষ্টি দেখে জগদীশ বাবুর দুই বিস্মিত চোখ অপলক হয়েছিল মুহূর্তেই এবং সেই কারণেই তিনি চমকে উঠেছিলেন।

3. ‘এবার মারি তো হাতি, লুঠি তো ভাঙার।’ — বক্তা কখন, কাদের উদ্দেশ্য করে একথা বলেছিলেন? বক্তা তাঁর এই বক্তব্যে হ্রি থাকতে পারেননি কেন? (2+3)

উঃ- গল্পকথক ও তার দুই বন্ধু ভবতোষ ও অনাদি হরিদাকে শুনিয়েছিল জগদীশবাবুর বাড়িতে হিমালয়ের সন্ন্যাসীর আসার গল্প। হরিদা তখন বলেছিলেন এবার জগদীশবাবুর বাড়িতে তিনি তাদের একটা জ্বর খেলা দেখাবেন। হরিদার আসল লক্ষ্য ছিল ধনী জগদীশবাবুর বাড়ি থেকে মোটা অঙ্কের অর্থ আদায় করা কারণ, যে সামান্য অর্থ তিনি বহুরূপী হয়ে সেজে রোজগার করেন সেই উপার্জিত অর্থে তার সারা সপ্তাহ চলে না।

জগদীশবাবুর বাড়িতে পৌঁছে সন্ন্যাসীর বেশে হরিদা ধর্মের বিবিধ কথা বলে নিজের বহুরূপী সত্তার দক্ষ ও শিল্পিত প্রকাশ ঘটাতে চান। তখনই ক্রমশ হরিদার মধ্যেই রূপান্তর ঘটতে থাকে। সন্ন্যাসীর ত্যাগ ও জীবনবোধ সঞ্চারিত হয় তাঁর মধ্যে। সন্ন্যাসী সুলভ নিরাসক্তি ও বৈরাগ্য তাঁর শিল্পীসত্তার চরম উৎকর্ষ সাধন করে। হরিদা ছিলেন প্রকৃত শিল্পী। সে কারণেই অর্থের প্রয়োজন সত্ত্বেও অর্থের প্রলোভন ত্যাগ করতে পেরেছিলেন তিনি — ভাঙার লুট করে অর্থ উপার্জন করা তার পক্ষে আর সম্ভব হয়নি। অর্থ উপার্জনের উর্ধ্বে তিনি স্থান দেন শিল্পীর মর্যাদাকে।

4. সঠিক উত্তর নির্বাচন করো (MCQ) : (1×5=5)

i) ‘এতে দুজনেরই ভয় কেটে গেল’ — কেন?

a) ছেলেরা ওদের জামা বদল করতে দেখেনি মনে হওয়ায়

b) অমৃতের মা বকুনি না দিয়ে জামা রিফু করার পর ✓

c) ইসাবের বাবা যখন জামা বদলানোর গল্প শোনালেন

d) হোলির সময়কার বাজি পোড়ানোর আনন্দে

ii) মন্তব্য: অবশেষে গল্পকথক আশ্রয় দিলেন আলোবাবুকে।

কারণ (ক) : অবিনাশবাবুর বাড়ি থেকেও বিদায় নিতে হয়েছিল আলোবাবুকে।

কারণ (খ) : আলোবাবুর হাসপাতালে চাকরিটি চলে গিয়েছিল।

কার্যকারণ বিষয়ে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোন্ টি গ্রহণযোগ্য?

a) কারণ (ক) ভুল ও (খ) ঠিক

b) কারণ (ক) ঠিক ও (খ) ভুল ✓

c) কারণ (ক) ও (খ) দুটিই গ্রহণযোগ্য

d) কারণ (ক) ও (খ) কোনোটিই গ্রহণযোগ্য নয়

iii) অদল বদল- এর গল্প গ্রামের বাড়ি বাড়ি ঘুরে কার কানে গেল ?

- a) অমৃতের মায়ের
- b) পঞ্চায়েত প্রধানের
- c) গ্রাম প্রধানের ✓
- d) ইসাবের বাবার

iv) 'সে ভয়ানক দুর্লভ জিনিস'— দুর্লভ জিনিসটি কী?

- a) সন্ন্যাসীর দেওয়া হরীতকী
- b) সন্ন্যাসীর পায়ের ধুলো ✓
- c) সন্ন্যাসীর উপদেশ শ্রবণ
- d) সন্ন্যাসীর দর্শন

v) মন্তব্য : তপনের মাথায় ঢোকে না যে সে কী পড়ছে।

কারণ ক : তপন তার পড়া গল্পটির অর্থ বুঝতে পারেনি।

কারণ খ : ছোট মেসো আগাগোড়া সংশোধন করায় গল্পটি তপনের কাছে নতুন লাগে।

কোন কারণটি সঠিক ?

- a) কারণ (ক) ঠিক ও (খ) ভুল
- b) কারণ (ক) ও (খ) দুটিই ভুল
- c) কারণ (ক) ভুল ও (খ) ঠিক ✓
- d) কারণ (ক) ও (খ) দুটিই ঠিক

